



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbf.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র “১০০ দিনের বিশেষ কর্মসূচীর অগ্রগতি পর্যালোচনা সভা” অনুষ্ঠিত



১৫ মার্চ ২০১৭ খ্রি. তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রে প্রতিষ্ঠানটির ঋণ মঞ্জুরী ও বিতরণ, খেলাপী ঋণ আদায়, এবং বিচারাধীন মামলা নিষ্পত্তির লক্ষ্যমাত্রা অর্জনে ২১ জানুয়ারী ২০১৭ হতে ৩০ এপ্রিল ২০১৭ পর্যন্ত ১০০ দিনের বিশেষ কর্মসূচীর অংশ হিসেবে এর অগ্রগতি মূল্যায়ন বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী। এ সময় কর্পোরেশনের মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহর খানম, মো. আমিন উদ্দিন ও মোঃ জাহিদুল হকসহ বিভিন্ন বিভাগ ও উপ-বিভাগীয় প্রধানগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দিনব্যাপী অনুষ্ঠিত উক্ত সভায় ঢাকার বাহিরে অবস্থিত কর্পোরেশনের ৭টি জোনাল ও ১৫টি রিজিওনাল অফিসের অফিস প্রধানগণ অংশগ্রহণ করেন। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্পোরেশনের ঋণ মঞ্জুরী ও বিতরণ, খেলাপী ঋণ আদায়, খরিদা বাড়ীর দখলগ্রহণ ও বিক্রয় এবং বিচারাধীন মামলা নিষ্পত্তির লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট জোনাল ও রিজিওনাল ম্যানেজারদের সর্বাঙ্গিক প্রচেষ্টা চালানোর জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া সততা ও নিষ্ঠার সাথে ঋণ গ্রহিতাদের দ্রুত সেবা প্রদানেরও তাগিদ দেন।